

মাইনর আই কন্ডিশন সার্ভিস (MECS) – টাওয়ার হ্যামলেটস

চক্ষুরোগ বিশেষজ্ঞের সাথে দেখা করার সময় কী ঘটবে?

চক্ষুরোগ বিশেষজ্ঞ আপনার চোখ পরীক্ষা করবেন, কী ঘটছে তা নিয়ে আলোচনা করবেন, আপনি যেসব উপসর্গে ভুগছেন সেগুলি সহ সংশ্লিষ্ট চিকিৎসার ইতিহাস জানতে চাইবেন। অনুগ্রহ করে অ্যাপয়েন্টমেন্টের সময় সমস্ত বর্তমান ওষুধের তালিকা এবং আপনার সর্বশেষ চশমাটি সাথে রাখুন।

সম্ভবত আপনাকে তাৎক্ষণিকভাবে চিকিৎসা প্রদান করা হবে, যদিও আপনার চোখের অবস্থা আপনার সাধারণ স্বাস্থ্যের সাথে সম্পর্কিত হলে আপনাকে আপনার জিপির কাছে রেফার করা হতে পারে। প্রয়োজনে আপনাকে হাসপাতালেও রেফার করা হতে পারে।

অ্যাপয়েন্টমেন্ট শেষে, আপনার মেডিকেল রেকর্ড আপডেট করা নিশ্চিত করতে চক্ষুরোগ বিশেষজ্ঞ আপনার জিপির কাছে ফলাফল পাঠাবেন। সেবার নিরীক্ষণ ও উন্নতির জন্য সমস্ত অ্যাপয়েন্টমেন্টের একটি রেকর্ডও রাখা হবে।

আপনি এই লিফলেটে তালিকাভুক্ত MECS লোকেশনগুলির মধ্যে কোনো একটির সাথে সরাসরি যোগাযোগ করে রেফারেল ছাড়াই মাইনর আই কন্ডিশন সার্ভিস-এ অ্যাক্সেস করতে পারেন। আপনার জিপি আপনাকে রেফার করতে পারেন।

আপনার তথ্য গোপনীয় রাখা হবে এবং আপনার পূর্ব অনুমতি ছাড়া তা তৃতীয় পক্ষের সাথে শেয়ার করা হবে না।

MECS কী?

একটি NHS অর্থায়িত পরিষেবা আপনার স্থানীয় চক্ষুরোগ বিশেষজ্ঞদের মাধ্যমে চক্ষুরোগের মূল্যায়ন এবং চিকিৎসা প্রদান করে থাকে। এর মানে হলো, আপনি আপনার সুবিধাজনক সময় ও লোকেশনে একজন চক্ষুরোগ বিশেষজ্ঞের সাথে দেখা করতে পারবেন, যাতে চোখের সাধারণ সমস্যার চিকিৎসার জন্য আপনার অপেক্ষার সময় কমানো যায়।

সেবা সম্পর্কে

MECS হলো একটি NHS অর্থায়িত পরিষেবা যা টাওয়ার হ্যামলেটস জিপি-তে নিবন্ধিত সকল রোগী (প্রাপ্তবয়স্ক এবং শিশুদের) অথবা যেসব টাওয়ার হ্যামলেটের বাসিন্দাদের কোনো জিপি নেই তাদের জন্য উপলব্ধ। পরিষেবাটি চোখের সাধারণ সমস্যার জন্য সুবিধাজনক পরিচর্যা প্রদানের লক্ষ্যে ডিজাইন করা হয়েছে।

পরিষেবাটি বিশেষজ্ঞ জ্ঞান ও দক্ষতাসম্পন্ন স্থানীয় চক্ষু বিশেষজ্ঞদের দ্বারা প্রদান করা হয়।



লক্ষ্য করুন: যদি আপনার এমন কোনো চক্ষুরোগ থাকে যেটির জন্য ইতিমধ্যেই আপনার চোখের ডাক্তারের কাছে বা হাসপাতালের চক্ষু পরিষেবাতে চিকিৎসা নিচ্ছেন, যেমন ছানি, গ্লুকোমা বা ডায়াবেটিকজনিত চোখের রোগ, তাহলে সেটি আগের মতোই চলবে এবং তা নতুন পরিষেবার আওতায় আসবে না। এই পরিষেবাটি দৃষ্টি পরীক্ষার জন্য নয় এবং এখানে আপনাকে চশমার জন্য প্রেসক্রিপশন প্রদান করা হবে না।

আপনার নিয়মিত চক্ষু-পরীক্ষা এবং প্রেসক্রিপশনের জন্য স্বাভাবিকভাবে আপনার চোখের ডাক্তারের কাছে যেতে হবে।

চোখের সেইসব সমস্যা যার চিকিৎসা করা যেতে পারে MECS দ্বারা

পরিষেবাটি সম্প্রতি দেখা দেওয়া চোখের সাধারণ সমস্যার জন্য ডিজাইন করা হয়েছে, যেমন:

- চোখ লাল হওয়া
- চোখ থেকে সম্প্রতি বেশি পরিমাণে পিঁচুটি বা জল গড়ানো
- হালকা আঘাত, উদাহরণস্বরূপ চোখের বাইরের পৃষ্ঠে বা চোখের পাতায় আঁচড়
- চোখে কোনোকিছু ঢুকে যাওয়া
- চোখে হালকা ব্যথা এবং/অথবা অস্বস্তি

চোখের সেইসব সমস্যা যার চিকিৎসা করা যাবে না MECS দ্বারা

আপনার যদি নিচের সমস্যাগুলি থাকে তাহলে সরাসরি A&E-তে যান:

- এক চোখে বা উভয় চোখে হঠাৎ দৃষ্টিশক্তি হ্রাস
- চোখে যথেষ্ট ব্যথা বা পীড়া
- রাসায়নিক ক্ষত বা পোড়া
- চোখের সাম্প্রতিক অস্ত্রোপচার

আমি কিভাবে MECS অ্যাক্সেস করব?

আপনার জিপি প্র্যাক্টিস আপনাকে রেফার করতে পারেন। এছাড়াও আপনি একজন অনুমোদিত চক্ষু বিশেষজ্ঞের সাথে (যারা এই লিফলেটে তালিকাভুক্ত) সরাসরি যোগাযোগ করতে পারেন (স্ব-রেফার) এবং অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন। মাইনর আই কন্ডিশন সার্ভিস-এর আওতায় দেখা করার অনুরোধ জানান। সাধারণ কর্মঘন্টাগুলিতে অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যায় এবং আপনাকে সাধারণত সর্বাধিক 48 ঘন্টার মধ্যে দেখা হবে।

আপনি যেকোনো অনুমোদিত চক্ষুরোগ বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করতে পারেন। তবে, শুধুমাত্র অনুমোদিত চক্ষুরোগ বিশেষজ্ঞরা NHS-এ এই পরিষেবাটি প্রদান করতে পারেন তাই তিনি আপনার চেনাজানা চক্ষু বিশেষজ্ঞ নাও হতে পারেন।

আমাকে কোথায় দেখা হবে?

নিচে টাওয়ার হ্যামলেটস-এর সমস্ত অংশগ্রহণকারী চক্ষু বিশেষজ্ঞদের তালিকা দেওয়া হলো। MECS অ্যাপয়েন্টমেন্টের প্রাপ্যতার জন্য অনুগ্রহ করে প্র্যাক্টিস-এ কল করুন।

অঞ্চল	প্র্যাক্টিস	ঠিকানা	টেলিফোন
E1	In Focus Optics Cannon Street Road	149 Cannon St Road, E1 2LX	020 7488 4523
E1	In Focus Optics White Horse Lane	94 White Horse Lane, E1 4LR	020 7791 0692
E1	Specsavers Opticians Whitechapel Road	331-335 Whitechapel Road, Albion Yard, E1 1BU	020 7247 6478
E2	Specsavers Opticians Bethnal Green	Unit 1, 409 Bethnal Green Road, E2 0AN	020 7324 7520
E3	Eye Emporium Opticians Bow	424 Roman Road, E3 5LU	020 8980 6363
E14	In Focus Optics Poplar	Unit 1, 223 East India Dock Road, E14 0ED	020 7987 2364

আরও তথ্যের জন্য ভিজিট করুন: www.nel-eyecare.com